দৈনিক সংবাদ

তারিখ 10 FEB 1994
পৃষ্ঠা 7 কলাম 2

89

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি ১৬ই ফেব্রুয়ারি

একতরফাভাবে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় আদেশ পরিবর্তনের প্রচেষ্টার প্রতিবাদে বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আগামী ১৬ই ফেব্রুয়ারি কালো ব্যাজ ধারণসহ পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন। গত মঙ্গলবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

সভা থেকে অবিলম্বে সিনেট উপাচার্য প্যানেল নির্বাচনের মাধ্যমে জাহাঙ্গীরনগর ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের দাবি জানানো হয়।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।